**2019**

BENGALI

( Elective )

Paper : 5.1

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) ই, উ, ও— এর মধ্যে সম্মুখ স্বরধ্বনি কোনটি ?

(খ) শ্লেষ শব্দালঙ্কার না অর্থালঙ্কার ?

(গ) অক্ষরের শোষণশক্তি কোন্ ছন্দের বৈশিষ্ট্য ?

(ঘ) শ্লোক > শোলোক— এটি কোন্ ধ্বনি পরিবর্তনের উদাহরণ ?

(ঙ) কৃত > কট— এটি কোন্ ধ্বনি পরিবর্তনের উদাহরণ ?

(চ) 'সুধাকান্ত' শব্দটির মধ্যে হলন্ত অক্ষর কোনটি ?

(ছ) স্বরবৃত্ত ছন্দে প্রতিটি পূর্ণ পর্বের মাত্রাসংখ্যা কত ?

(জ) "এমন মানবজমিন রইল পতিত আবাদ করলে ফলত সোনা।" কোন্ অলঙ্কারের উদাহরণ?

(ঝ) ধ্বনি বা ধ্বনিগুচ্ছের পুনরাবৃত্ত ব্যবহারে কোন্ অলঙ্কার হয়?

(ঞ) "কবিকৃত ভুলে যে অলঙ্কার হয় তার নাম বিরোধাভাস।" উক্তিটি শুদ্ধ না অশুদ্ধ, লেখো।

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) অপিনিহিতি ও অভিশ্রুতির একটি করে উদাহরণ দাও।

(খ) 'লাবণ্য তোমার সখী সুধার মতন'—চরণটিতে উপমেয় ও উপমান নির্দেশ করো।

(গ) 'জননীর দৃষ্টি যেন সমুদ্যত বাজ'—এটি কোন্ অলঙ্কারের দৃষ্টান্ত? এখানে 'যেন' শব্দটির পরিচয় কী?

(ঘ) বিলাতি > বিলিতি, ভক্তি > ভকতি—এখানে ধ্বনি পরিবর্তনের সূত্র দুটি উল্লেখ করো।

(ঙ) স্বতোনাসিক্যীভবন ও স্বতোমূর্ধন্যীভবনের একটি করে উদাহরণ দাও।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) মহাপ্রাণিত ও অল্পপ্রাণিত ধ্বনি কোনগুলো? উদাহরণসহ আলোচনা করো।

(খ) উদাহরণ দিয়ে শব্দের অর্থপ্রসার বা অর্থবিস্তার কাকে বলে, বুঝিয়ে দাও।





(গ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"হে মোর চিত্ত পুণ্য তীর্থে জাগোরে ধীরে
এই ভারতের মহামানবের সাগরতীরে।"

(ঘ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"দেখ দেখ অহে নন্দি ব্যাসের দুর্দ্দৈব।
ছিল গোঁড়া বৈষ্ণব হৈল গোঁড়া শৈব॥"

(ঙ) তোমার সিদ্ধান্তের উপযুক্ত কারণ নির্দেশ করে অলঙ্কার নির্দেশ করো :

"অসংখ্য বন্ধনমাঝে মহানন্দময় লভিব মুক্তির স্বাদ।"

(চ) অলংকার নির্দেশ করো এবং তোমার সিদ্ধান্তের কারণ দর্শাও :

"গুরুগুরু মেঘ গুমরি গুমরি গরজে গগনে গগনে।"

৪। ক—গুচ্ছ, খ—গুচ্ছ এবং গ—গুচ্ছ; প্রতিটি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

ক—গুচ্ছ

(ক) প্রাচীন বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলো উদাহরণসহ লিপিবদ্ধ করো।

(খ) স্বরসঙ্গতির সংজ্ঞা নির্দেশ করো। বিভিন্ন প্রকারের স্বরসঙ্গতির উদাহরণ দাও।

(গ) রাঢ়ী *অথবা* বরেন্দ্রী উপভাষার লক্ষণগুলো উদাহরণসহ উল্লেখ করো।

(ঘ) বাংলা ভাষার শব্দভাণ্ডারের তদ্ভব উপাদানগুলো কোন্ কোন্ উৎস থেকে এসেছে তা উদাহরণ দিয়ে বোঝাও।

খ—গুচ্ছ

(ক) শ্বাসাঘাতপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলো উদাহরণ দিয়ে বোঝাও।

(খ) অক্ষরের শোষণশক্তি কাকে বলে? উদাহরণ দিয়ে বিশ্লেষণ করো।

গ—গুচ্ছ

(ক) উৎপ্রেক্ষা অলঙ্কারের সংজ্ঞা দাও। উদাহরণসহ উৎপ্রেক্ষা অলঙ্কারের প্রকারভেদ সম্পর্কে আলোচনা করো।

(খ) বিরোধাভাস অলঙ্কার কাকে বলে? উদাহরণ দিয়ে বোঝাও।

*অথবা*

ব্যাজস্তুতি ও স্বভাবোক্তি অলঙ্কারের মধ্যে একটি তুলনামূলক আলোচনা করো।

★★★